অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 60 বছর এবং তদূর্ধ্ব বয়সী ব্যক্তিরা এবং অতিরিক্ত জনগণের মুখোমুখি হওয়া প্রয়োজনীয় কর্মীরা COVID-19 টিকা পাওয়ার যোগ্য হবে

60 বছর এবং তদূর্ধ্ব বয়সী নিউ ইয়র্কবাসীদের 10 মার্চ থেকে টিকা দেওয়া যেতে পারে

সরকারি কর্মচারী, অলাভজনক কর্মী এবং অত্যাবশ্যকীয় নির্মাণ সেবা কর্মীরা 17 মার্চ থেকে COVID-19 টিকার জন্য যোগ্য

টিকা বিতরণ যোগ্যতা প্রসারিত করা হয়েছে; এখন ফার্মেসি ছাড়া সকল সরবরাহকারী 17 মার্চ থেকে যে কোন যোগ্য নিউ ইয়র্কবাসীকে টিকা দিতে পারবে; ফার্মেসি 10 মার্চ থেকে ফেডারেল নির্দেশিকা অনুযায়ী 60 ঊর্ধ্ব নাগরিক এবং শিক্ষকদের টিকা দিতে পারে

নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' টুল ব্যবহার করে রাষ্ট্র পরিচালিত টিকাকরণ সাইটে অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন অথবা 1-833-NYS-4-VAX নম্বরে কল করতে পারেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কে COVID-19 টিকার যোগ্যতা সম্প্রসারণের কথা ঘোষণা করেছেন। 10 মার্চ থেকে 60 বছর বা তার বেশী বয়সী সকল নিউ ইয়র্কবাসী নাগরিক এই টিকা পাওয়ার যোগ্য হবেন, অন্যদিকে সরকার এবং অলাভজনক সংস্থার জনগণের মুখোমুখি হওয়া অত্যাবশ্যকীয় কর্মীদের হতে হবে 17 মার্চ থেকে টিকা দেওয়া যাবে। এই সম্প্রসারণে এছাড়াও জনগণের মুখোমুখি হওয়া অত্যাবশ্যকীয় নির্মাণ সেবা কর্মীরা অন্তর্ভুক্ত।

উপরন্তু, গভর্নর ঘোষণা করেন যে এই টিকার সরবরাহ বৃদ্ধির সাথে সাথে যোগ্য জনসংখ্যার নির্দিষ্ট সরবরাহকারীদের কোন অংশের টিকা দেওয়া যাবে সে বিষয়ে বিধিনিষেধ 17 মার্চের সম্প্রসারণের সাথে মিল রেখে শিথিল করা হবে। এর আগে, কিছু ধরণের সরবরাহকারীকে নির্দেশ দেওয়া হয়েছিল ন্যায্য টিকা বিতরণ নিশ্চিত করতে নির্দিষ্ট জনসংখ্যার উপর তাদের টিকা প্রচেষ্টার উপর মনোযোগ দিতে। উদাহরণস্বরূপ, হাসপাতালগুলো স্বাস্থ্য সেবা কর্মীদের টিকা দেয়, স্থানীয় স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় কর্মীদের টিকা দেয় এবং ফার্মেসিগুলোকে 65 বছর বা তার বেশী বয়সী নিউ ইয়র্কবাসীদের টিকা দেয়। এখন, সরবরাহকারীরা যে কোন যোগ্য নিউ ইয়র্কারকে টিকা দিতে পারবে, ফার্মেসি ব্যতিরেকে, যা ফেডারেল নীতির সাথে সামঞ্জস্য রেখে 60 বছরের বেশী বয়সী ব্যক্তি এবং শিক্ষকদের উপর মনোযোগ প্রদান করবে। ফার্মেসিগুলো 60 বছরের বেশী বয়সী ব্যক্তি এবং শিক্ষকদের 10 মার্চ থেকে টিকা দেওয়া শুরু করতে পারে। এই প্রচেষ্টার অংশ হিসেবে,

সরবরাহকারীদের উৎসাহিত করা হচ্ছে নিউ ইয়র্কবাসীদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ টিকা দিতে, যেমন 60 বছর বা তার বেশী বয়সী ব্যক্তি এবং যাদের চিকিৎসা এবং অন্তর্নিহিত স্বাস্থ্য অবস্থা আছে।

"নিউ ইয়র্ক COVID-19 টিকায় প্রবেশাধিকার সম্প্রসারণের দিকে এগিয়ে যাচ্ছে, অনগ্রসর সম্প্রদায়ের সমস্যা সমাধান করছে এবং হাতে টিকা দিচ্ছে যখন আমরা এই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের দিক বদলে দিচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "সরবরাহ ক্রমাগত বাড়ছে এবং আমরা নতুন টিকা সাইট খুলছি এবং এর সাথে তাল রেখে যোগ্যতা বাড়াবো। 60 বছরের বেশী বয়সী নিউ ইয়র্কবাসী এবং যারা পাবলিক সেক্টরে তাদের সহকর্মী নিউ ইয়র্কবাসীদের সেবা করে তারা COVID-19 এর জন্য বেশি ঝুঁকিপূর্ণ, এবং আমরা এই টিকা প্রদানের মাধ্যমে সেই দুর্বলতার সমাধান করছি। COVID পশুর বিরুদ্ধে লড়াই সব দিক থেকে চলছে, এবং আমরা আমাদের টিকা পাওয়ার সময় সংক্রমণের হার কমিয়ে দিচ্ছি।"

যোগ্যতার এই নতুন সম্প্রসারণের অধীনে নিম্নলিখিত অত্যাবশ্যকীয় কর্মীরা এখন 17 মার্চ থেকে COVID-19 টিকা গ্রহণ শুরু করতে পারবেন:

- জনগণের মুখোমুখি হওয়া সরকারি ও পাবলিক কর্মচারী
- অলাভজনক কর্মী যারা অভাবী নিউ ইয়র্কবাসীদের জনমুখী সেবা প্রদান করে
- অত্যাবশ্যকীয় জনমুখী নির্মাণ সেবা কর্মী

এর মধ্যে রয়েছে সরকারি কর্মচারী, সমাজসেবা এবং শিশু সেবা কেসওয়ার্কার, সরকারি পরিদর্শক, স্যানিটেশন কর্মী, DMV কর্মী, কাউন্টি ক্লার্ক, নির্মাণ সেবা কর্মী এবং নির্বাচনী কর্মী- প্রতিদিনের নায়ক-নায়িকারা যারা এই মহামারী জুড়ে দিনের পর দিন হাজির হচ্ছে।

নিউ ইর্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

সিভিল সার্ভিস এমপ্লয়িস অ্যাসোসিয়েশন (Civil Service Employees Association, CSEA)-এর প্রেসিডেন্ট ম্যারি ই. সালিভান বলেছেন, "এই মহামারীর শুরু থেকে, অত্যাবশ্যকীয় সামনের সারির সরকারি কর্মীরা তাদের নিজেদের নিরাপত্তা এবং তাদের পরিবারের নিরাপত্তার জন্য ঝুঁকি নিয়েছে যাতে আমাদের রাষ্ট্র এবং স্থানীয় সরকার সকল নিউ ইয়র্কবাসীকে প্রয়োজনীয় সেবা প্রদান করতে থাকে। আমরা শুনে আনন্দিত যে এই সব কর্মীরা এখন এই টিকার জন্য যোগ্য হবে। তাদের রক্ষা করা উচিত যাতে নিউ ইয়র্ক পুরোপুরি এবং নিরাপদে পুনরায় খুলতে পারে।"

নিউইয়র্ক AFL-CIO প্রেসিডেন্ট মারিও সিলেন্তো বলেন, "আমাদের অপরিহার্য কর্মীরা এই মহামারীর শুরু থেকে সামনের সারিতে রয়েছে, যাতে আমাদের সম্প্রদায় এই সংকটের মধ্যে কাজ চালিয়ে যেতে পারে। যদিও অনেক প্রয়োজনীয় কর্মীকে ইতোমধ্যে টিকা দেওয়া হয়েছে, এখন সময় এসেছে যে বাকি ব্যক্তিরা যারা প্রতিদিন কাজ করতে যাচ্ছে এবং জনগণের সাথে মিথস্ক্রিয়া করছে

তাদের এই ভাইরাস থেকে রক্ষা করা হবে এবং তারা নিজেদের এবং তাদের পরিবারকে সুরক্ষিত রাখতে পারবে। আরো জনগণের মুখোমুখি প্রয়োজনীয় কর্মীদের টিকার যোগ্যতা বাড়ানোর জন্য এবং প্রতিটি নিউ ইয়র্কবাসীকে টিকা দেয়ার জন্য রাষ্ট্রের চলমান প্রচেষ্টার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

32BJ SEIU প্রেসিডেন্ট কাইল ব্র্যাগ বলেছেন, "টিকা যোগ্যতার তালিকায় নির্মাণ সেবা কর্মীদের যুক্ত করার জন্য আমরা গভর্নর কুওমোর প্রশংসা করছি। নির্মাণ সেবা কর্মীরা মহামারীর সময় শহরকে রক্ষা করেছে এবং এখন তাদের নিরাপদ থাকার জন্য প্রয়োজনীয় সুরক্ষা পাবে। দরজা কর্মী, সুপার, ক্লিনার, সিকিউরিটি অফিসার, রেসিডেন্ট ম্যানেজার, পোর্টারদের মত নির্মাণ সেবা কর্মীরা নিউ ইয়র্কবাসীদের মহামারী মধ্যে সাহায্য করেছে এবং শহরের পুনরুদ্ধারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাদের স্বাস্থ্য এবং নিরাপত্তা শহরের স্বাস্থ্য এবং নিরাপত্তার সাথে বাঁধা।"

DC 37 এর নির্বাহী পরিচালক হেনরি গ্যারিডো বলেন, "নিউ ইয়র্কবাসীদের নির্ভর করা প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য 37 জেলা পরিষদের সদস্যরা প্রতিদিন জীবন বাজি রেখেছে। টিকার যোগ্যতার জন্য আমাদের কর্মীদের অগ্রাধিকার দেওয়াই সঠিক কাজ। এটা তাদের, তাদের পরিবার এবং তাদের সম্প্রদায়কে সুরক্ষিত রাখে। আমি এই সম্প্রসারণের প্রশংসা করছি।"

ইউনিফর্মড স্যানিটেশনমেনস অ্যাসোসিয়েশন লোকাল 831 IBT প্রেসিডেন্ট হ্যারি নেসপোলি বলেছেন, "আমরা এই বিষয়ে গভর্নরের দপ্তরের সাথে ক্রমাগত যোগাযোগ রেখে চলেছি এবং আমরা খুবই আনন্দিত যে আমাদের সদস্যরা টিকা পাওয়ার যোগ্য হবেন। আমাদের 25% সদস্যের বেশি COVID-19 দ্বারা আক্রান্ত হয়েছে এবং দুঃখজনকভাবে চারজন মারা গেছে। আমরা গভর্নরের কাজের ভূয়সী প্রশংসা করি।"

যোগ্য নিউ ইয়র্কবাসীরা এখন স্টেটের টিকাকরণ সাইটে অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' ওয়েবসাইট অথবা রাজ্যের COVID-19 টিকাকরণ হটলাইনে 1-833-NYS-4-VAX (1-833-697-4829) কল করে।

নিউ ইয়র্ক একটি বিশাল টিকা বিতরণ নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ এবং সম্প্রসারণ করছে। 8 মার্চ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে যেহেতু ফেডারেল টিকা সরবরাহ বাড়ছে, তাই নিউ ইয়র্কের বিশাল টিকাদান নেটওয়ার্ককে বিস্তৃত করতে নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, হাডসন ভ্যালি, ক্যাপিটাল, সাউদার্ন টিয়ার, মোহক ভ্যালি এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে নিউ ইয়র্ক 10 টি রাষ্ট্রপরিচালিত গণ টিকা সাইট স্থাপন করবে। সাইটগুলো এখনো উন্নয়নের অধীনে রয়েছে এবং আগামী সপ্তাহগুলোতে চালু হবে বলে আশা করা হচ্ছে। আগামী দিনে অ্যাপয়েন্টমেন্ট শিডিউলিং তথ্য এবং কার্যক্রমের সময় সহ চূড়ান্ত বিবরণ প্রকাশ করা হবে।

নিউ ইয়র্ক ইতোমধ্যে আরও 13টি রাষ্ট্র পরিচালিত গণ টিকাকরণ সাইট স্থাপন করেছে, কিন্তু এই টিকার ন্যায্য এবং সমান বিতরণ নিশ্চিত করতে গভর্নরের আদেশ পূরণের জন্য, অনগ্রসর সম্প্রদায়ে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের সরাসরি টিকা পাওয়া নিশ্চিত করার জন্য আরও অসংখ্য

সাইট স্থাপন করা হয়েছে। এর মধ্যে রয়েছে ছয়টি যৌথ রাষ্ট্র-ফিমা সম্প্রদায় ভিত্তিক টিকাকরণ সাইট, ইয়াঙ্কি স্টেডিয়ামের গণ টিকাকরণ সাইট এবং পাবলিক হাউজিং ডেভেলপমেন্ট, চার্চ এবং কমিউনিটি সেন্টারে 120টিরও বেশি কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইট।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন